

পত্র নং-৫৮.০৪.৩৬০০.১৬১.০৩.০০১.২৩- ১৩০১৭


তারিখ : ২১ বৈশাখ ১৪৩০
০৪ মে ২০২৩

“ কোটেশন বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সাধারণ ব্যবসায়ী এবং প্রকৃত বস্তা ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলা কারাগারের জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ের গুদামে রক্ষিত পুরাতন ব্যবহৃত বিভিন্ন প্রকার খালি চটের বস্তা বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

কোটেশন দাখিলের শর্তাবলী

- বিভিন্ন প্রকার খালি বস্তা বিক্রয়ের কোটেশন আগামী ১৮/০৫/২০২৩ তারিখ সকাল ৯.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত হবিগঞ্জ জেলা কারাগারের প্রধান ফটকে রক্ষিত কোটেশন বাক্সে দাখিল করতে হবে। প্রত্যেক কোটেশন দাতাকে বায়নার টাকা হিসেবে ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা (ফেরৎ যোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ব্যতীত কোন প্রকার দর গ্রহণ করা হবে না। কোটেশন বাক্স খোলার সময় ঐ দিন বেলা ১২.০০ টায় নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন বাক্স খোলা হবে এবং ২৪.০৫.২০২৩ তারিখ বেলা ১২.০০ টায় মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠিত হবে।
- কোটেশন সিডিউল ১৭/০৫/২০২৩ তারিখ বেলা ৩.০০ টা মধ্যে ৫০০/- (পাঁচশত) টাকা নগদ মূল্যে হবিগঞ্জ জেলা কারাগারের দপ্তর হতে ক্রয় করা যাবে।
- কোটেশনের সর্বোচ্চ দরদাতার দর চূড়ান্ত অনুমোদনের পর পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে গৃহীত দরে খালি বস্তা অত্র কারাগার হতে সরবরাহ নিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।
- কৃতকার্য দরদাতার নিকট হতে বিধি মোতাবেক ৫% উৎসে আয়কর ও ৭.৫% ভ্যাট কর্তন করা হবে।
- কোটেশন সংক্রান্ত তথ্যাবলী জানার জন্যে কারা কর্তৃপক্ষের সাথে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।
- কোটেশনের সকল প্রকার কার্যপ্রণালী পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী সম্পাদন করা হবে।
- যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


মোঃ শফিয়ার রহমান
জেলা সুপার

Email-jailsuperhabiganjjail@gmail.com

☎ ০২৯৯৬৬০৪৫১৩ (দপ্তর)

জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় :

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সিলেট বিভাগ, সদর দপ্তর, সিলেট।
- ২। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৩। পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ৪। সিভিল সার্জন, হবিগঞ্জ।
- ৫। উপ পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, হবিগঞ্জ।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সদর মডেল থানা, হবিগঞ্জ।
- ৭। নোটিশ বোর্ড জেলা কারাগার, হবিগঞ্জ।

(বিদ্রূপ বহুল প্রচারের নিমিত্ত কোটেশন বিজ্ঞপ্তি আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয়ে অনুরোধ করা যাচ্ছে।)